বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন ঃ ০২-৯৫৭৪০২৫, ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৬৮ তারিখঃ ১৯ জুলাই ২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ঢাকা মহানগরীর বিভিন্ন ব্যাংক শাখা/উপশাখায় স্বাভাবিক ব্যাংকিংসহ বর্ধিত সময়ের ব্যাংকিং কার্যক্রম চালু রাখা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এর ০৩ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ, ১৮ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ/পরিপালন করে ১৯ জুলাই ২০২১ হতে ২০ জুলাই ২০২১ পর্যন্ত বর্ধিত সময়ে (সকাল ১০:০০ ঘটিকা হতে রাত ৮:০০ ঘটিকা পর্যন্ত) সংশ্লিষ্ট শাখাসমুহে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হলো।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ১৫ জুলাই ২০২১ তারিখের ৬১ নং পত্র মোতাবেক কোরবানীর পশুরহাটে যেসকল শাখা দায়িত্ব পালনের জন্য নির্বাচিত শাখাসহ বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণ নিজস্ব বিবেচনায় কোরবানীর পশুর হাট সংলগ্ন শাখা বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার লেটার এর সকল নির্দেশনা অনুসরণপূর্বক স্বাস্থ্যবিধি কঠোরভাবে পরিপালনকরে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতপূর্বক সংশ্লিষ্ট শাখাসমুহে স্বাভাবিক ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। এক্ষেত্রে, অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে গত ২০-১০-২০১৩ তারিখের জারীকৃত পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক কর্মকর্তাগণ ৪০০/-(চার শত) টাকা এবং কর্মচারীগণ ৩০০/-(তিন শত) টাকা হারে ভাতা প্রাপ্য হবেন।

০৪। এছাড়াও, ডিওএস সার্কুলার লেটার ২৯ এর ৩ নং অনুচ্ছেদের ঘ এবং ঙ মোতাবেক কার্ডের মাধ্যমে সার্বক্ষণিক নগদ টাকা উত্তোলনের জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট মজুদ রেখে ঈদ-উল-আযহা'র জন্য ঘোষিত ছুটিকালীন সময়ে গ্রাহকসেবা নির্বিঘ্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

১৯/০৭/২০২১

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২১-২০২২/৬৮ তারিখঃ ১৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

১৯/০৭/২০২১

(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা